INDIA NON JUDICIAL

RUPEES 25000

0JDD 045252

সাফ বিক্রয় কোবালা :-

থানা- সোনারপুর ,

মৌজা- গড়াগাছা ,

জমি - কমবেশী ৭ কাঠা ,

মূল্য- ৫,০০,০০০ পাঁচ লক্ষ টাকা,

বাজার মূল্য- ৫,৬০,০০০ পাঁচ লক্ষ ষাট হাজার টাকা।

-- -- -- -- -- -- -- -- --

Admissable under rule 21,
Stamped of 614 of L. R. Act
under the Indian Stamp Act 1899
Corrected upto 1974 Schedule A 6149.00
I A No. 23 Fees Paid E 7.00
Process fees Rs. 4/50 6156.00

কোবালা গ্রহীতা :-

শ্রীমতী সরিতা মিরানীয়া , স্বামী- শ্রী বিশান মিরানিয়া ,

জাতি- হিন্দু , পেশা - গৃহস্থালী , সাং- গড়াগাছা ,

পোঃ- গড়িয়া , পিন কোড নং- কলিকাতা- ৭০০০৮৪ ,

জেলা- দক্ষিন ২৪ পরগনা ।।

*********

Dag No 7?
7 kathas

1000Rs.






Rambilas Agarwala

কোবালা দাতা :-

শ্রী রাম বিলাস আগরওয়াল , পিতা - মৃত গোলাব চাঁদ আগরওয়াল,


জাতি- হিন্দু , পেশা - ব্যবসা , সাং- গড়াগাছা ,

পোঃ- গড়িয়া , থানা- সোনারপুর , জেলা- দক্ষিন ২৪

পরগনা , কলিকাতা - ৮৪ ।।

* ** **

1000Rs.




( ৩ )

Rambilas Agarwala


জন্য আমার খরিদা নিম্ন তপশীলে বর্ণিত রায়ত দখলিয় স্বত্বীয় স্বত্বের

খেরাজী শালি কমবেশী ৭ কাঠা পরিমিত সম্পত্তি সম্পূর্ণ নির্দায়

নির্দোষ নির্গোল পরিস্কার ও মুক্তাবস্থায় সাফ বিক্রয় কোবালা

পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

1000Rs.






Rambilas Agarwala

জেলা- দক্ষিন ২৪ পরগনা , থানা ও সাবরেজিস্ট্রী অফিস সোনারপুর ,

পরগনা খাসপুর , মৌজা- গড়াগাছা গ্রামে জে,এল, নং- ৪৫ , রে,সা, নং- ৪১ ,

তৌজি নং- ৫৬ , অধুনা ৪ নং বিধিমতে রায়ত দখলিয় স্বত্বীয় স্বত্বের

রাজপুর - সোনারপুর পৌরসভার অধিন ১ নং ওয়ার্ড ভুক্ত হাল রিভিসন্যাল

জরিপের ১৬ ষোল নং খতিয়ান ভুক্ত হলকা (এল,আর) জরিপে কৃষি খতিয়ান

২৮ নং ভুক্ত এক জমায় ১০ শতক জমির বার্ষিক খাজনা ৪ টাকা ৭ আনা

ওযরি জমির মধ্যে সাবেক জেলা জরিপে ৭৭ নং হাল রিভিসন্যাল জরিপে ৭১ নং

10 Rs.






এবং এল. আর ( হল্কা) জরিপে ৮৬ নং দাগে শালি ৩৮ শতক মধ্যে ৫ কাঠা জমি আমি অত্র দাতা বিগত ইং- ১৭।৬।১৪ তারিখে সোনারপুর রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১ নং বহির ৫১ নং ভলুমের ২৬৬ - ২৭০ নং পাতায় নকলিকৃত ১৯১৪ সালে ৩৪৮৩ নং বিক্রয় কোবালা দ্বারা তৎকালিন মালিক ও স্বত্বাধিকারী গড়াগাছা নিবাসী মনোজ কুমার সরদারের স্ত্রী শ্রীমতী আঙ্গুর বালা সরদারের নিকট হইতে খরিদ করিয়াছি ।

Rambilas Agarwala

20

এবং ইং- ২০।৬।৯৪ তারিখে উক্ত সোনারপুর সাবরেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত উক্ত মহাশয়ার নিকট হইতে খরিদা ৫ কাঠা পরিমিত সম্পত্তি যাহা উক্ত তারিখে উক্ত অফিসে ১ নং বহির ৫২ নং ভল্যুমে ১০১ - ১০৭ নং পাতায় লিখিত ৩৫২৯ নং দলিল দ্বারা ১৯৯৪ সালে রেজিস্ট্রীকৃত দলিল দ্বারা খরিদ করিয়াছি । এমত প্রকারে আমি উক্ত দাগের ১০ কাঠা জমি খরিদ করিয়া অদ্যাবধি অন্যের নিরাংশে ও নির্বিবাদে ভোগ দখলিকার হইতেছি । উহাতে অপর কোন শরিক বা অংশীদার নাই । ইহার বিক্রয় যোগ্য উত্তম স্বত্ব বিদ্যমান আছে ও হইতেছে ।।

প্রকাশ থাকে যে উক্ত সম্পত্তি বিগত ইং- ২০।৩।৭৩ তারিখে সোনারপুর রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১ নং বহির ২ নং ভল্যুমে ২৩৫ - ২৩৯ নং পাতায় লিখিত ১৭৭ নং বিক্রয় কোবালা দ্বারা ১৯৭৩ সালে উক্ত মৌজার ১৬ নং খতিয়ান ভুক্ত সাবেক ৭৭ হালে ৭৯ নং এল, আর ৮৬ নং নং দাগে শালি ৮৬ শতক জমির মধ্যে কমবেশ ১৭ শতক জমি সহ অপরাপর দাগের মোট ৫৮ শতক সম্পত্তি তৎকালিন মালিক ও স্বত্বাধিকারী গড়াগাছা নিবাসী মৃত খেলারাম সরদারের পুত্র শ্রী ভূষন চন্দ্র সরদারের নিকট হইতে আমার পূর্বতন স্বত্বাধিকারী উক্ত আঙ্গুর বালা সরদার খরিদ করিয়া বর্তমান মালিক সরকারে ধার্য্য খাজনাদি আদায় দিয়া ভোগ দখলিকার থাকাবস্থায় নিজ নামে এল, আর জরিপে কৃষি ২৮ নং খতিয়ান ভুক্ত ৮৬ নং দাগে ১৭ শতক জমি নিজ নামে ষোল আনা স্বত্ব রেকর্ড ভুক্ত করিয়া ভোগ

Ramvilas Agarwala

দখলিকার থাকাবস্থায় উপরোক্ত দুই কেতা দলিল দ্বারা আমাকে ১০ কাঠা সম্পত্তি বিক্রয় করিয়া স্বত্ত্বত্যাগী ও দখলিচ্যুত হয়েন। অতঃপর আমি উক্ত সম্পত্তির মালিক ও স্বত্ত্বাধিকারী হইতেছি। উক্ত সম্পত্তি হইতে ১০' - ১৫'' প্রশস্ত কমন প্যাসেজের অংশ বাবদ ১ কাঠা ৮ ছটাক ২২ বর্গফুট সম্পত্তি কমন প্যাসেজের জন্য বহাল করিয়া অবশিষ্ট সম্পত্তিতে ভোগ দখলিকার হইতেছি। ইহাতে অপর কোন অংশীদার নাই। উক্ত সম্পত্তি হস্তান্তরের উত্তম ক্ষমতা আমার বিদ্যমান হইতেছে ও আছে।

এক্ষনে ন্যায় সঙ্গত ও বৈধ কারনে নগদ টাকার বিশেষ আবশ্যকে নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি বিক্রয় করিবার প্রস্তাব ও প্রচার করিলেআপনি অত্র গ্রহীতা আমার প্রস্তাবে রাজি হইয়া বর্তমান বাজার মূল্য স্বরূপ ৫,০০,০০০, পাঁচ লক্ষ টাকা আমাকে আদায় দিলে আমি অত্র অর্থ প্রাপ্তি স্বীকারে আপনার অনুকূলে নিঃস্বত্ব সাফ্ বিক্রয় কোবালা লিখিয়া দিয়া স্বীকার অঙ্গিকার করিতেছি যে অদ্যকার তারিখ হইতে আমার সাবেক বহতানাম খারিজ দিয়া আপনার নিজ নাম পত্তনে ও নিরূপীত করাদি আদায় দানে দান, বিক্রয় প্রভৃতি যদৃচ্ছা কার্য্যের দ্বারা পুত্র, পৌত্রাদি ওয়ারিশান ও স্থলবর্তী গনক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে আমি বা আমার ওয়ারিশান ও স্থলবর্তীগনক্রমে কেহ কোন প্রকার দাবি দাওয়া করিতে পারিব না বা পারিবেক না করিলেও তাহা সর্বত্র অগ্রাহ্য হইবেক ।।-

Ramkilas Agarwala

আরও প্রকাশ থাকে যে, বিক্রীত জমি জমা আমি ইতি পূর্বে অন্য কাহারও নিকট কোন প্রকার দান, বিক্রয়, কিংবা বন্ধকাদির দ্বারা দায় সংযোগ করি নাই বা কোন মামলা মোকদ্দমার বিষয় নহে বা কাহারও নিকট কোন রূপ বায়না পত্র করি নাই, তাহা ভাগে ভাড়ায় বা লীজ বিলি নাই, তাহা দেবত্তর বা পীরোত্তর ভুক্ত নহে, তাহা এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই, তাহা সম্পূর্ন নির্দায় নির্দোষ নির্গোল পরিস্কার ও মুক্তাবস্থায় আমার খাস স্বত্ব দখলিয় জমি জমা থাকাবস্থায় আপনাকে সাফ্ বিক্রয় করিলাম ও দখল দিলাম।

যদি ভবিষ্যতে আমার এই সব উক্তির বিপরীত প্রকাশ পাইয়া আপনার খরিদা স্বত্ব দখলের বাধা জন্মে বা ক্ষতি হয় তবে সেই সমস্ত বিঘ্ন জনীত ক্ষতি পূরন করিয়া দিতে দিতে বাধ্য রহিলাম। অত্র দলিলে যদি কোন অংশে ভুল থাকে তাহা বিনা পনে ভুল সংশোধন দলিল করিয়া দিতে আমি মায় ওয়ারিশান পনক্রমে বাধ্য ও দায়ি রহিলাম।

এতদ্বার্থে স্বেচ্ছায় সুস্থ শরীরে স্থির ভাব বুদ্ধিতে থাকিয়া মূল্যের সম্পূর্ন টাকা বুঝিয়া পাইয়া অত্র সাফ্ বিক্রয় কোবালা সহি সম্পাদন করিলাম।

ইতি তাং- বাংলা ১৪০৭ সনের - ১৯শে আষাঢ়,

ইংরাজী ২০০০ সালের - ৪ঠা জুলাই।


(৩১)

Rambilas Agarwala

-: তপশীলে বিক্রীত সম্পত্তির পরিচয় :-

জেলা- দক্ষিন ২৪ পরগনা , থানা ও এ্যা, ডি, সাবরেজিস্ট্রী অফিস সোনারপুর পরগনা খাসপুর , মৌজা- গড়াগাছা গ্রামের জে,এল, নং- ৪৫ , রে,সা,নং-৪১ , তৌজি নং- ৫৬ , অধুনা ৪ নং বিধিমতে রায়ত দখলিয় সুত্রের রাজপুর- সোনারপুর পৌরসভার ১ নং ওয়ার্ড ভুক্ত সাবেক জেলা জরিপের ও হাল রিভিসন্যাল জরিপের ১৬ ষোল নং খতিয়ান ভুক্ত এক জমায় ৯০ শতক জমির বার্ষিক খাজনা ৪ টাকা জমার জমির মধ্যে হাল রিভিসন্যাল জরিপের ৭৯ উনআশী নং দাগে যাহা সাবেক জেলা জরিপের ৭৭ নং দাগে ও বর্তমান এল, আর জরিপে ২৮ আঠাশ নং খতিয়ান ভুক্ত ৮৬ ছিয়াশী নং দাগে শালি ৩৮ শতক জমির মধ্যেআমার খরিদা উল্লিখিত দুই কেতা দলিল দ্বারা ১০ কাঠা জমি জমা হইতেছে । উক্ত ১০ কাঠা জমির মধ্যে ১০' - ১.৫'' প্রশস্ত কমন প্যাসেজের অংশ বাবদ ১ কাঠা ৮ ছটাক ২২ বর্গফুট সম্পত্তি বাদে অবশিস্ট সম্পত্তির মধ্যে অত্র দলিলের বিক্রীত দাখিলী নকসায় প্রদর্শিত লাল রং-এর সীমারেখা চিহ্নিত কমবেশী ৭ কাঠা পরিমিত সম্পত্তি হইতেছে । ইহার হারাহারি খাজনা ১০০ পয়সা , বর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিন ২৪ পরগনা জেলা কালেক্টার বাহাদুর অধিন সন সন আদায় দিতে হয় । অত্র সংযুক্ত নকসা অত্র দলিলের একাংশহিসাবে সর্ব্বত্র গন্য হইবেক । দাখিলী নকসায় প্রদর্শিত কমন প্যাসেজের সর্ব্ব প্রকার ব্যবহারিক অধিকার সায় ইলেকট্রিক লাইন , জলের পাইপ , আন্ডার গ্রাউন্ড ড্রেন , ওভার হেড্ লাইন ইত্যাদির অবাধ অধিকার অত্র গ্রহীতা সায় ওয়ারিশ ও স্থলবর্তী গনক্রমে বর্তাইবেক ।

SITE PLAN ... J.L. NO-45, P.S.- SONAR-
NO.-31, MOUZA- GARAGACHA ... UNDER- ... -SONAR-
PUR, DIST.- 24 PARGANAS (SOUTH). SCALE = 33'-0" TO 1".
PUR MUNICIPALITY - WARD NO- 22, RED MARK.




Drawn by:-
Prakash Chatterjee.
Surveyar (Amin)

Rambilas Agarwala

চৌহদ্দি :-

উত্তর - ৮৬ নং দাগের জমি ।

দক্ষিন - ৬৬ নং দাগের জমি ।

পূর্ব- আঙ্গুর বালা সরদারের বক্রী জমি ।

পশ্চিম- ঐ - দাগের বক্রী জমি ।

টাকার জায় :-

অদ্য তারিখে নোটে ও নগদে ৫,০০,০০০ পাঁচ লক্ষ টাকা

বুঝিয়া পাইলাম ।।

Rambilas Agarwala

মুসাবিদা কারক :-

ইসাদি :-

Bimal Ch Mondal
Birjee, Garia
Cal-84

Tapas Dhar

টাইপ কারক :-
Dilip Ballav
সোনারপুর সাবরেজিস্ট্রী অফিস ।।